গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়: খুলনা, বরিশাল ও গাজীপুর সিটি কর্পোরেশনের নবনির্বাচিত মেয়র ও কাউন্সিলরবৃন্দের শপথ গ্রহণ অনুষ্ঠান সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতি সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মুহম্মদ ইব্‌রাহিম<br>সচিব, স্থানীয় সরকার বিভাগ |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : | ২০ জুন ২০২৩, মঙ্গলবার, বিকাল ৪.০০ ঘটিকা। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন খুলনা, বরিশাল ও গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচনে নবনির্বাচিত মেয়র ও কাউন্সিলরগণের শপথ গ্রহণ অনুষ্ঠান আগামী ০৩ জুলাই ২০২৩ তারিখে অনুষ্ঠিত হবে মর্মে জানা যায়। মাননীয় প্রধানমন্ত্রী উক্ত শপথ গ্রহণ অনুষ্ঠানে বর্ণিত ০৩(তিন)টি সিটি কর্পোরেশনের নবনির্বাচিত মেয়রগণকে এবং মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় নবনির্বাচিত কাউন্সিলরগণকে শপথ করাবেন। শপথ অনুষ্ঠানটি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানটি সফলভাবে আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। সে লক্ষ্যে একটি অভিজ্ঞ ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী নিয়োগ, আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রণয়ন, আমন্ত্রণপত্র, ব্যানার, ফোল্ডার প্রস্তুতকরণ ও বিতরণ ইত্যাদি কার্যক্রম ঈদের ছুটির আগেই সম্পন্ন করা প্রয়োজন। সভাপতি অতঃপর অনুষ্ঠানটি সফলভাবে আয়োজনের লক্ষ্যে আলোচ্যসূচি ও প্রস্তুতকৃত কার্যপত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী-কে অনুরোধ জানান।

২. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) সভাকে অবহিত করেন, গত ২৫ মে ২০২৩ তারিখে গাজীপুর সিটি কর্পোরেশন এবং ১২ জুন ২০২৩ তারিখে খুলনা ও বরিশাল সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হয়। তিনি উক্ত নির্বাচনে নির্বাচিত মেয়র ও কাউন্সিলরগণের শপথ গ্রহণ অনুষ্ঠান সুষ্ঠুভাবে আয়োজনে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য কার্যপত্র, বিভিন্ন কমিটি ও কার্যপরিধির খসড়া সভায় উপস্থাপন করেন। অতঃপর তিনি উপস্থিত সকলকে এ বিষয়ে আলোচনায় অংশগ্রহণের আহ্বান জানান। আলোচনায় এ বিভাগের বিভিন্ন অনুবিভাগ প্রধান/অতিরিক্ত সচিব, যুগ্মসচিব ও উপসচিবগণ তাদের মতামত প্রদান করেন।

৩. বিস্তারিত আলোচনা শেষে সিটি কর্পোরেশনের নবনির্বাচিত মেয়র ও কাউন্সিলরদের শপথ গ্রহণ অনুষ্ঠান প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক নির্ধারিত তারিখ/সময়ে সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে নিম্নবর্ণিত কমিটিসমূহ গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:

**(১) আমন্ত্রণপত্র, শপথনামা প্রস্তুত ও বিতরণ কমিটি:**

| ক্রমিক | পদবি | কমিটিতে পদ |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ | আহবায়ক |
| ২. | যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/২, পরিকল্পনা-১/আইন/ পলিসি সাপোর্ট/ প্রশাসন/ অডিট/ ইউপি), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৩. | উপসচিব (সমন্বয় ও কাউন্সিল/প্রশাসন-১/ সিটি কর্পোরেশন-২/পৌর-১/২, অডিট-২/পাস-১); স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৪. | উপসচিব (প্রশাসন-২), স্থানীয় সরকার বিভাগ | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

- শপথ অনুষ্ঠানের পূর্বে আমন্ত্রণপত্র ছাপানো ও অতিথিদের নিকট বিতরণ, শপথনামা ও ব্যানার প্রস্তুত এবং মানসম্মত ফোল্ডার সরবরাহ নিশ্চিত করা;
- নবনির্বাচিত মেয়র, কাউন্সিলরবৃন্দের, আমন্ত্রিত অতিথিবৃন্দ এবং স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে Special Security Force (SSF) ও Special Brance (SB) নিরাপত্তা পাস ইস্যুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিতকরণ; এবং
- আমন্ত্রিত অতিথিবৃন্দের তালিকা প্রস্তুতকরণ।

(২) **অনুষ্ঠান ভেন্যু ব্যবস্থাপনা ও প্রস্তুতকরণ কমিটি:**

| ক্রমিক | পদবি | কমিটিতে পদ |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ | আহবায়ক |
| ২. | যুগ্মসচিব (নগর উন্নয়ন-২, পলিসি সাপোর্ট/ আইন/ উন্নয়ন/ মনিটরিং ও মূল্যায়ন), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৩. | উপসচিব (পৌর-২/ইউপি-২/ সি:ক:-১/প্রশাসন-১,২/উন্নয়ন-২/পাস-২/ পরিকল্পনা-১,২/ সিনিয়র সহকারী সচিব (নগর উন্নয়ন-১/পাস-৩)/ প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৪. | উপসচিব (সিটি কর্পোরেশন-২), স্থানীয় সরকার বিভাগ | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

- শপথ অনুষ্ঠানের আগে ইভেন্ট ম্যানেজমেন্ট টিম নির্বাচন, ভেন্যু ও মঞ্চ সজ্জাকরণ, আসন ব্যবস্থা নির্ধারণ, ব্যানার প্রস্তুতকরণ ও প্রদর্শন, সাউন্ড সিস্টেম, লাইট, ইন্টারনেট ইত্যাদির ব্যবস্থা নিশ্চিতকরণ; এবং
- আমন্ত্রিত অতিথিবৃন্দের তালিকা প্রস্তুতকরণে সহায়তা প্রদান।

(৩) **অনুষ্ঠানসূচি প্রণয়ন, মহড়া অনুষ্ঠান ও চূড়ান্ত অনুষ্ঠান পরিচালনা কমিটি:**

| ক্রমিক | পদবি | কমিটিতে পদ |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ | আহবায়ক |
| ২. | যুগ্মসচিব (নগর উন্নয়ন-১,২/ পলিসি সাপোর্ট/ আইন/ উপজেলা), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৩. | উপসচিব (সিটি কর্পোরেশন-২/পৌর-২/প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৪. | উপসচিব (সিটি কর্পোরেশন-১), স্থানীয় সরকার বিভাগ | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

- ➢ শপথ অনুষ্ঠান পরিচালনার জন্য একটি অনুষ্ঠানসূচি প্রণয়ন করে মহড়া অনুষ্ঠান আয়োজন ও চূড়ান্ত অনুষ্ঠান পরিচালনার সার্বিক ব্যবস্থা গ্রহণ।

(৪) **বক্তব্য, ফোল্ডার প্রস্তুতকরণ এবং শপথনামা বিতরণ ও সংগ্রহ কমিটি:**

| ক্রমিক | পদবি | কমিটিতে পদ |
|---|---|---|
| ১. | মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ | আহবায়ক |
| ২. | যুগ্মসচিব (উন্নয়ন/আইন/প্রশাসন/ইউপি/অডিট), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৩. | উপসচিব (উন্নয়ন-১/২/প্রশাসন-২/পৌর-১/সি:ক: ২), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৪. | সিনিয়র সহকারী সচিব (নগর উন্নয়ন-১/ ইউপি-১/পাস-৩), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৫. | উপসচিব (উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

- মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া ও মাননীয় মন্ত্রী'র বক্তব্য (প্রযোজ্য ক্ষেত্রে) প্রস্তুতকরণ; এবং
- শপথ অনুষ্ঠানের আগে প্রধানমন্ত্রীর কার্যালয় এবং মাননীয় মন্ত্রীর জন্য শপথনামাসহ উন্নতমানের ফোল্ডার প্রস্তুত করে যথাসময়ে বিতরণের ব্যবস্থাকরণ;
- নবনির্বাচিত মেয়র ও কাউন্সিলরবৃন্দের জন্য শপথনামা ও কলমসহ ফোল্ডার প্রস্তুত ও বিতরণ এবং স্বাক্ষরিত শপথনামা সংগ্রহের ব্যবস্থাকরণ।

(৫) **অভ্যর্থনা, রেজিস্ট্রেশন ও আপ্যায়ন কমিটি:**

| ক্রমিক | পদবি | কমিটিতে পদ |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ | আহবায়ক |
| ২. | যুগ্মসচিব (উন্নয়ন/নগর উন্নয়ন-২/ পানি সরবরাহ/ উপজেলা/ ইউপি), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৩. | প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা, গাজীপুর ও বরিশাল সিটি কর্পোরেশন | সদস্য |
| ৪. | সচিব, খুলনা, গাজীপুর ও বরিশাল সিটি কর্পোরেশন | |

| | | |
|---|---|---|
| ৫. | উপসচিব (জেলা পরিষদ/প্রশাসন-২/ উপজেলা-১/পৌর-১/২/উন্নয়ন-১/২, অডিট-১/ পরিকল্পনা-২/৩), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৬. | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৭. | উপসচিব (প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

- অনুষ্ঠানস্থলে আগত অতিথিদের যথাযথ মর্যাদায় অভ্যর্থনা জানানো ও নির্ধারিত আসন গ্রহণের ব্যবস্থা নিশ্চিতকরণ; এবং
- ভিভিআইপি/ভিআইপিসহ আমন্ত্রিত অতিথিদের আপ্যায়নের মেন্যু নির্ধারণ ও খাবারের প্যাকেট বিতরণের ব্যবস্থাকরণ।

**(৬) মিডিয়া ও ডকুমেন্টেশন কমিটি:**

| ক্রমিক | পদবি | কমিটিতে পদ |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (পানি সরবরাহ), স্থানীয় সরকার বিভাগ | আহবায়ক |
| ২. | যুগ্মসচিব (পরিকল্পনা-১/২/ উন্নয়ন/পাস/মওমু), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৩. | উপসচিব (উন্নয়ন-১/ইউপি-২/পাস-১/পৌর-২/মনিটরিং-১), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৪. | সিনিয়র সহকারী সচিব (ইউপি-১/নগর উন্নয়ন-৩), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৫. | মাননীয় মন্ত্রীর জনসংযোগ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৬. | উপসচিব (প্রশাসন-২), স্থানীয় সরকার বিভাগ | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

- অনুষ্ঠানস্থলে মিডিয়া কর্মীদের যথাযথভাবে দায়িত্ব পালন নিশ্চিতকরণ; এবং
- প্রেস রিলিজ প্রস্তুতকরণ।

**(৭) স্বাস্থ্য সুরক্ষা ও কোভিড টেস্ট বিষয়ক কমিটি:**

| ক্রমিক | পদবি | কমিটিতে পদ |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ | আহবায়ক |
| ২. | যুগ্মসচিব (প্রশাসন/নগর উন্নয়ন-২/অডিট), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৩. | উপসচিব (প্রশাসন-১/পৌর-১/পাস-১/২/পরিকল্পনা-১/উপজেলা-১), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৪. | সিনিয়র সহকারী সচিব (নগর উন্নয়ন-৩), স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৫. | উপসচিব (প্রশাসন-২), স্থানীয় সরকার বিভাগ | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

- অনুষ্ঠানের পূর্বে নবনির্বাচিত মেয়র ও কাউন্সিলরবৃন্দ এবং কর্মকর্তা/কর্মচারীসহ আমন্ত্রিত অতিথিদের কোভিড টেস্টের প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিতকরণ।

৪. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে সমন্বয় করে অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করবেন এবং উল্লিখিত সকল কমিটির কার্যক্রম নিবিড় পর্যবেক্ষণ ও সমন্বয়ের দায়িত্ব পালন করবেন।

৫. স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (নগর উন্নয়ন-১) শপথ গ্রহণ অনুষ্ঠানের ফোকাল পার্সন এর দায়িত্ব পালন করবেন।

৬. স্থানীয় সরকার বিভাগের উপসচিব (সিটি কর্পোরেশন-১/২) অনুষ্ঠানের সমন্বয়ক ও ফোকাল পার্সন-কে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

৭. স্থানীয় সরকার বিভাগের উপসচিব (প্রশাসন-২) যাবতীয় লজিস্টিক সাপোর্ট প্রদান ও অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক পেশাদার ক্যামেরাম্যানের দায়িত্ব পালন নিশ্চিত করবেন।

৮. পরিশেষে সভাপতি সংশ্লিষ্ট সকলকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে স্ব স্ব দায়িত্ব পালনপূর্বক শপথ অনুষ্ঠানটি যথাযথভাবে আয়োজনের আহ্বান জানিয়ে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/১/২০২৩

মুহম্মদ ইবরাহিম
সচিব
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.২৯.০০১.১৭-৬৯৭

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩০ / ২১ জুন ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা/ গাজীপুর/ বরিশাল সিটি কর্পোরেশন।
৪। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, খুলনা/ গাজীপুর/ বরিশাল সিটি কর্পোরেশন।
৬। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। জনসংযোগ কর্মকর্তা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। অফিস কপি।

21/06/2023

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬ ৪২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd